



# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

রেজিস্ট্রার দপ্তর

<https://hau.ac.bd>

[registrarooffice@hau.ac.bd](mailto:registrarooffice@hau.ac.bd)

+8802996605101

স্মারক নং: হকবি/রেজি.কার্যা.(অংশ-২)/কৃষি-গুচ্ছ-৩০৪/২০২৫/ ৫৪৭৬

তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩৩  
৩০ জুন ২০২৬

## ভর্তি বিজ্ঞপ্তি

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে (কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষা, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ) বিভিন্ন অনুষদে স্নাতক (লেভেল-১ সেমিস্টার-১) শ্রেণিতে ৪র্থ ধাপে ভর্তির জন্য কেন্দ্রীয় ভর্তি কমিটির নির্দেশনা মোতাবেক অনুসরণীয় নির্দেশাবলীঃ

- হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ০৫-০৭-২০২৬ থেকে ০৬-০৭-২০২৬ তারিখ সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৪.০০ টার মধ্যে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস: ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-এ সশরীরে উপস্থিত হয়ে ভর্তি সম্পন্ন করতে হবে।
- অনুষদ ভিত্তিক ভর্তি ফি নিম্নরূপ:  
কেন্দ্রীয় কৃষিগুচ্ছ ভর্তি কমিটি ২০২৫-২০২৬ এর নির্দেশনা মোতাবেক ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা প্রার্থীদের অটোমাইগ্রেশনের পর চূড়ান্তভাবে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের প্রাপ্ত বিশ্ববিদ্যালয়সমূহের নির্ধারিত ভর্তি ফি-এর পরিমাণের সাথে পূর্বে জমাকৃত টাকা ১০,০০০/- (দশ হাজার মাত্র) সমন্বয় করতঃ নিম্নোক্ত ছকে বর্ণিত অবশিষ্ট টাকা জমা প্রদান করতে হবে।

অনুষদের নাম	ডিগ্রির নাম	অবশিষ্ট ফি'র পরিমাণ
কৃষি অনুষদ	বি.এসসি.এজি (অনার্স)	১১,০০০/-
মাৎস্যবিজ্ঞান অনুষদ	বি.এসসি. ফিসারিজ (অনার্স)	১১,০০০/-
প্রাণি চিকিৎসা ও প্রাণিসম্পদ বিজ্ঞান অনুষদ	বি.এসসি. ভেট. সায়েন্স এন্ড এ. এইচ.	১১,০০০/-

### ৩। ভর্তির সময় প্রার্থীদেরকে-

- ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সাথে আনতে হবে।
- এসএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মূল প্রশংসাপত্র এবং মূল সনদ পত্র।
- এইচএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মূল প্রশংসাপত্র এবং মূল সনদ পত্র (এইচএসসি/সমমান এর মূল সনদ বোর্ড হতে সরবরাহ না হয়ে থাকলে সাময়িক সনদ জমা দিতে হবে এবং পরবর্তীতে মূল সনদ প্রাপ্তি সাপেক্ষে জমা দিতে হবে)।
- ০২ (দুই) কপি পাসপোর্ট এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি।
- জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের অনুলিপি।
- রক্তের গ্রুপ (যদি জানা থাকে)।
- ভর্তি ফরম আবেদনকারী কর্তৃক স্ব-হস্তে ও সঠিক ভাবে পূরণ করতে হবে।

### ৪। সংরক্ষিত (কোটা) আসনের জন্য উল্লিখিত কাগজপত্র ছাড়াও-

- মুক্তিযোদ্ধা সন্তান কোটার প্রার্থীদেরকে পিতা-মাতার অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রার্থীদেরকে মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল থাকলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়ন পত্র মূল কপি জমা দিতে হবে। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।
- উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/পার্বত্য অঞ্চলের অ-উপজাতি কোটার প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়ন পত্র মূল কপি জমা দিতে হবে।
- প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে প্রতিবন্ধী সংক্রান্ত উপজেলা সমাজকল্যাণ কর্মকর্তার সনদপত্রের ফটোকপি জমা দিতে হবে।

৫। ভর্তির দিন বিশ্ববিদ্যালয় নির্ধারিত চিকিৎসক কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট গ্রহণ করে জমা প্রদান করতে হবে।

৬। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন কর্মসূচি এবং ক্লাস শুরুর তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে জানিয়ে দেয়া হবে।

*(Signature)*

৭। বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম অস্থায়ী ক্যাম্পাসে পরিচালিত হওয়ায় ছাত্র-ছাত্রীদের আবাসনের নিশ্চয়তা দেয়া সম্ভব নয়। আবাসিক হলে সীট বরাদ্দ না পাওয়া পর্যন্ত নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। আবাসিক হলের ব্যবস্থা করা গেলে সীট বরাদ্দ সাপেক্ষে হলে ভর্তির জন্য বিশ্ববিদ্যালয় নির্ধারিত ফিসমুহ জমা প্রদান করতে হবে।

৮। ভর্তি বাতিল সংক্রান্ত তথ্য:

- i. প্রদানকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রশংসাপত্র/সনদপত্র/প্রত্যয়নপত্র এবং সংরক্ষিত আসনের জন্য প্রমাণস্বরূপ সনদ বা প্রত্যয়নপত্র ভুল/জাল প্রমাণিত হলে ভর্তি বাতিল হয়ে যাবে।
- ii. ক্লাস শুরু হওয়ার প্রথম মডিউলার কোর্সে ন্যূনতম ৮০ (আশি) শতাংশ উপস্থিতি না থাকলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন এবং ভর্তি বাতিল হবে।
- iii. ভর্তি বাতিল হলে বা স্বেচ্ছায় বাতিল করলে ভর্তি বাতিল ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে।

মাননীয় উপাচার্যের নির্দেশক্রমে



মোঃ বদরুল আমিন

ডেপুটি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. ডিন (সকল অনুষদ), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
২. বিভাগীয় চেয়ারম্যান (সকল বিভাগ), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৩. বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (সকল), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৪. প্রক্টর কার্যালয়, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৫. ছাত্র পরামর্শ দপ্তর, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৬. ছাত্র হল (অস্থায়ী), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৭. ছাত্রী হল (অস্থায়ী), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৮. আইসিটি সেল, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৯. অর্থ ও হিসাব বিভাগ, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
১০. লাইব্রেরি, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
১১. জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
১২. নিরাপত্তা শাখা, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
১৩. ফোকাল পয়েন্ট, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
১৪. সেকশন অফিসার, উপাচার্য মহোদয়ের দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
১৫. অফিস কপি।
১৬. মহানথি।
১৭. সকল নোটিশ বোর্ড।